গত সাতদিন

(১২.০৮.২০১৪–১৮.০৮.২০১৪)

● ২০০০ ডেস্ক

শিক্ষা

উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশ

১৩ আগস্ট প্রকাশিত আটটি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি পরীক্ষায় গড় পাসের হার ৭৫ দশমিক ৭৪ শতাংশ। গতবার এই হার ছিল ৭১ দশমিক ১৩ শতাংশ। এবার ৯ লাখ ১৪ হাজার ৬০৩ পরীক্ষার্থী অংশ নিয়ে পাস করেছেন ৬ লাখ ৯২ হাজার ৬৯০ জন। তবে মাদ্রাসা ও কারিগরিসহ ১০ বোর্ডে গড় পাসের হার ৭৮ দশমিক ৩৩ শতাংশ। গতবার ছিল ৭৪ দশমিক ৩০ শতাংশ। ১০ বোর্ডে মোট জিপিএ-৫ পেয়েছে ৭০ হাজার ৬০২ জন। এবার শতভাগ পাস করা প্রতিষ্ঠানের সংখ্যাও বেড়েছে। গতবার এ ধরনের প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ৮৪১টি। এবার হয়েছে ১ হাজার ১৪৭টি। শূন্য পাস করা প্রতিষ্ঠানের সংখ্যা একটি কমে হয়েছে ২৪টি।

দিবস

পালিত হলো জাতীয় শোক দিবস

১৫ আগস্ট জাতীয় শোক দিবস। সপরিবারে বঙ্গবন্ধুকে হত্যার মধ্য দিয়ে এই দিনে বাঙালির ইতিহাসে এক কালিমালিপ্ত অধ্যায় রচিত হয়েছিল। কতিপয় চক্রান্তকারী সেনাসদস্য ১৯৭৫ সালের এই দিনে নৃশংসভাবে স্বাধীন বাংলাদেশের স্থপতি ও স্বাধীনতা সংগ্রামের মহানায়ক শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যা করে। ইতিহাসের নৃশংস ও মর্মস্পর্শী সেই রাজনৈতিক হত্যাকাণ্ডের এই বছর ছিল ৩৯তম বার্ষিকী। ১৫ আগস্ট উপলক্ষে সরকারি ও বেসরকারিভাবে বিভিন্ন কর্মসূচি পালন করা হয়েছে।

জাতীয় শোক দিবসে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি

সীমান্ত

বিএসএফের গুলিতে বাংলাদেশি আহত

১৭ আগস্ট ভোর সাড়ে ৪টার দিকে সাতক্ষীরা সদর উপজেলার কুশখালী সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) গুলিতে দুই বাংলাদেশি আহত হয়েছেন। কয়েকজন ব্যক্তি (রাখাল) ১৬ আগস্ট কুশখালী সীমান্ত পার হয়ে ভারতে গরু আনতে যান। ১৭ আগস্ট ভোর সাড়ে ৪টার দিকে তারা গরু নিয়ে কুশখালী সীমান্তের বিপরীতে ভারতের বশিরহাট মহকুমার খলিশা সীমান্তে আসেন। এ সময় খলিশা ক্যাম্পের বিএসএফ সদস্যরা তাদের লক্ষ্য করে গুলি ছোড়ে। এতে দুজন গুলিবিদ্ধ হন। পরে অন্যদের সহযোগিতায় তারা বাংলাদেশে আসেন। আহত ব্যক্তিদের মধ্যে একজনের নাম-পরিচয় পাওয়া গেছে। তিনি জিয়াউর রহমান মোল্লা। তাকে উদ্ধার করে খুলনা ২৫০ শয্যা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। অপরজন সিদ্দিকুর রহমান।

অর্থনীতি

কুমিল্লা ইপিজেডে জাপানি বিনিয়োগ

সম্পূর্ণ জাপানি মালিকানাধীন জেবি নেটওয়ার্কস কোম্পানি লিমিটেড কুমিল্লা রফতানি প্রক্রিয়াকরণ (ইপিজেড) এলাকায় ১৮ লাখ ডলার বিনিয়োগের মাধ্যমে চামড়াজাত শিল্প স্থাপন করতে যাচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে জাপানে জেটরোর সঙ্গে বেপজার স্বাক্ষরিত সমঝোতা স্মারকের প্রতিফলন হিসেবে বেপজা এই কোম্পানির জন্য ২ হাজার ৩৫০ বর্গমিটারের কারখানা ভবন বরাদ্দ দিয়েছে। জেবি নেটওয়ার্কস কারখানায় ১ হাজার ৭৮ বাংলাদেশি নাগরিক বার্ষিক ১০ লাখ পিস চামড়াজাত বিভিন্ন ধরনের পণ্য উৎপাদন করবে। এসব পণ্যের মধ্যে উল্লেখযোগ্য হলো ক্যামেরার ব্যাগ, ক্যামেরা লেন্স কেস, চামড়ার চাবুক, শিকল ইত্যাদি।

তুলাজাত পণ্যের রফতানি কমেছে

বাংলাদেশ থেকে বিশ্বের বিভিন্ন দেশে তুলা ও তুলাজাত পণ্য রফতানি হয়। তবে গত অর্থবছর থেকেই এ খাতের রফতানি আয়ের নিম্নমুখী ধারা চলছে। চলতি ২০১৪-১৫ অর্থবছরের প্রথম মাসে লক্ষ্যমাত্রা কিংবা প্রবৃদ্ধি কোনোটাই অর্জিত হয়নি। রফতানি হয়েছে মাত্র ৮৮ লাখ ৮০ হাজার ডলারের তুলা ও তুলাজাত পণ্য। গত অর্থবছরে রফতানি আয় হয় ১১ কোটি ৫৬ লাখ ডলার, যা লক্ষ্যমাত্রার চেয়ে ১৭ দশমিক ৪০ শতাংশ এবং তার আগের অর্থবছরের চেয়ে সাড়ে ৭ শতাংশ কম। রফতানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) হালনাগাদ তথ্যানুযায়ী, চলতি অর্থবছরের প্রথম মাস বা জুলাইয়ে ৮৮ লাখ ডলারের তুলা ও তুলাজাত পণ্য রফতানি হয়েছে। এই আয় আলোচ্য সময়ের এক কোটি ছয় লাখ ডলারের লক্ষ্যমাত্রার চেয়ে সাড়ে ১৬ শতাংশ কম।

আইন-আদালত

আদালতের রিট

বহুল আলোচিত-সমালোচিত জাতীয় সম্প্রচার নীতিমালার বৈধতা চ্যালেঞ্জ করে রিট করা হয়েছে। সদ্য গেজেট হওয়া ওই নীতিমালা কেন অবৈধ ঘোষণা করা হবে না– তা জানতে চেয়ে রুলও জারি করা হয়েছে। ১৮ আগস্ট সুপ্রিম কোর্টের আইনজীবী ড. ইউনুস আলী আকন্দ রিটটি দায়ের করেন।

রিট আবেদনে নীতিমালার কার্যক্রম পরিচালনার ওপরও স্থগিতাদেশ চাওয়া হয়েছে। আবেদনে মন্ত্রিপরিষদের তথ্যসচিবসহ তিনজনকে বিবাদী করা হয়েছে। ৪ আগস্ট মন্ত্রিসভায় জাতীয় সম্প্রচার নীতিমালার অনুমোদন দেয়া হয়। সাংবাদিক,

স প্তা হে র উ ক্তি

'দেশে লুটপাটের রাজত্ব কায়েম হয়েছে।' হুসেইন মুহম্মদ এরশাদ, চেয়ারম্যান, জাতীয় পার্টি, খুলনা জেলার নেতাদের সঙ্গে মতবিনিময় সভার বক্তব্যে (সমকাল, ১৭ আগস্ট)

'এগুলো প্যাডসর্বস্ব দোকান, ওদের কাজ ধান্দাবাজি।' ওবায়দুল কাদের, যোগাযোগমন্ত্রী, সরকার-সমর্থক শতাধিক ভুঁইফোঁড় সংগঠন সম্পর্কে (প্রথম আলো, ১৮ আগস্ট)

'আদিবাসীরা তিলে তিলে ক্ষয় হচ্ছে।' জ্যোতিরিন্দ্র বোধিপ্রিয় (সন্তু) লারমা, বাংলাদেশ আদিবাসী ফোরামের সভাপতি ও পার্বত্য আঞ্চলিক পরিষদের সভাপতি, বিশ্ব আদিবাসী দিবস উপলক্ষে কাপেং ফাউন্ডেশন আয়োজিত আলোচনা সভায় (সমকাল, ১২ আগস্ট)

'বঙ্গবন্ধুর আদর্শ বাস্তবায়নের জন্য অডিটোরিয়ামে এর চেয়ে বেশি সৈনিকের দরকার নেই।' প্রাণগোপাল দত্ত, উপাচার্য, বিএসএমএমইউ, স্বাচিপ আয়োজিত শোক দিবসের আলোচনায় চিকিৎসকদের কম উপস্থিতি প্রসঙ্গে (প্রথম আলো, ১৫ আগস্ট)

'... সামাজিক বিচার কমিটির কারণে পুলিশের মামলা কমে গেছে। তারা টাকা-পয়সা কামাতে পারছে না।' কামাল আহমেদ মজুমদার, সাংসদ, প্রচলিত আইনের বাইরে বিশেষ বিচার ব্যবস্থা চালুর বিষয়ে জানতে চাইলে। (প্রথম আলো, ১৭ আগস্ট)

'সরকারি বনভূমি যদি সরকারি দলের লোকজন দখল করে, তাহলে কারো সমস্যা হওয়ার কথা নয়।' খোরশেদ আলম, টেকনাফ উপজেলা আওয়ামী লীগের উপদেষ্টা, এলাকার বনভূমি দখল প্রসঙ্গে। (প্রথম আলো, ১৩ আগস্ট)

টেলিভিশন মালিক ও মানবাধিকার সংগঠন এবং বিভিন্ন রাজনৈতিক দলের আপত্তির মুখে তথ্য মন্ত্রণালয় ৭ আগস্ট সম্প্রচার নীতিমালার গেজেট প্রকাশ করে। জাতীয় সম্প্রচার নীতিমালা সংবিধানের মৌলিক অধিকারের পরিপন্থী, এটি সংবিধানের ১১, ২৬, ৩৯ পরিচ্ছেদের পরিপন্থী।

ধর্মীয় উৎসব

উদ্‌যাপিত হলো জন্মাষ্টমী

১৭ আগস্ট সারাদেশে উদ্‌যাপিত হলো শুভ জন্মাষ্টমী। জন্মাষ্টমী ভগবান কৃষ্ণের পবিত্র জন্মতিথি। সনাতন ধর্মাবলম্বী ভক্তরা বিশ্বাস করেন, পৃথিবী থেকে দুরাচারী দুষ্টদের দমন আর সজ্জনদের রক্ষার জন্যই মহাবতার ভগবান শ্রীকৃষ্ণ এই দিনে স্বর্গ থেকে পৃথিবীতে আবির্ভূত হয়েছিলেন। ভগবান শ্রীকৃষ্ণের এই আবির্ভাব তিথিকে ভক্তরা শুভ জন্মাষ্টমী হিসেবে উদ্‌যাপন করেন।

প্রকল্প

দেশের সর্ববৃহৎ বিদ্যুৎ প্রকল্পের অনুমোদন

বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে বেশি অর্থব্যয়ে কয়লাভিত্তিক একটি তাপবিদ্যুৎকেন্দ্র স্থাপনের প্রকল্প অনুমোদন করেছে সরকার। প্রায় ৩৬ হাজার কোটি টাকা ব্যয়ে কক্সবাজারের মহেশখালীর মাতারবাড়ী ও ধলঘাটা এলাকায় ১২০০ মেগাওয়াট উৎপাদন ক্ষমতার এই বিদ্যুৎকেন্দ্রটি নির্মিত হবে। আমদানি করা কয়লা দিয়েই এটির উৎপাদন কার্যক্রম পরিচালিত হবে। কয়লাভিত্তিক বিদ্যুৎ প্রকল্পটি বাস্তবায়ন করবে কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড বা সিপিজিসিবিএল। এটি বিদ্যুৎ মন্ত্রণালয়ের অধীনে সরকারের শতভাগ মালিকানাধীন কোম্পানি। চলতি অর্থবছরে শুরু হয়ে প্রকল্পটি শেষ হবে ২০২২-২৩ অর্থবছরে।

মন্ত্রিসভা

বিচারপতিদের অপসারণের ক্ষমতা পাচ্ছে সংসদ

মন্ত্রিসভায় সংবিধানের ষোড়শ সংশোধনী আইনের খসড়ার অনুমোদন হয়েছে। এতে করে উচ্চ আদালতের বিচারপতিদের অভিশংসন বা অপসারণের ক্ষমতা জাতীয় সংসদের হাতে আবার ফিরে আসছে।

১৮ আগস্ট দুপুর সাড়ে ১২টার দিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে ওই অনুমোদন দেয়া হয়। আইন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, ১৯৭২ সালের সংবিধানের ৯৬ অনুচ্ছেদের আলোকে এই সংশোধনী আনা হয়েছে। ১৯৭২ সালের সংবিধানের ৯৬ অনুচ্ছেদে বিচারপতিদের অভিশংসনের ক্ষমতা সংসদের কাছে ছিল। বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব মির্জা ফখরুল এই সংশোধনী খসড়ার সমালোচনা করেছেন।

রাজনীতি

সৈয়দ আশরাফের অভিযোগ

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া ২০০৫ সালের ১৭ আগস্ট দেশব্যাপী বোমা হামলাকারীদের পূর্ণ সহায়তা করেছেন বলে অভিযোগ করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও স্থানীয় সরকারমন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম। তিনি বলেন, খালেদা জিয়া চেয়েছিলেন বাংলাদেশে তালেবান-আল-কায়েদার মতো জঙ্গিগোষ্ঠী গড়ে তুলতে। এরই ধারাবাহিকতায় ২১ আগস্ট গ্রেনেড হামলা করা হয়।

নিষিদ্ধ জঙ্গি সংগঠন জামা'আতুল মুজাহিদিন বাংলাদেশের (জেএমবি) 'দেশব্যাপী বোমা হামলা দিবস' উপলক্ষে ১৭ আগস্ট ঢাকা মহানগর আওয়ামী লীগের আলোচনা সভায় আশরাফ এ অভিযোগ করেন।

দুর্ঘটনা

ওষুধের দোকানে বিস্ফোরণ

নারায়ণগঞ্জ উপজেলার ফতুল্লায় একটি ওষুধের দোকানে ১৮ আগস্ট ভোরে বিস্ফোরণের ঘটনায় শিশুসহ চারজন অগ্নিদগ্ধ হয়েছেন। দোকানটি স্থানীয় আনোয়ার হোসেনের মালিকানাধীন। বিস্ফোরণে দোকানের সামনের অংশ শাটারসহ ধসে পড়ে এবং পাশের বাড়িতে আগুন ধরে যায়। ওই বাড়ির নিরাপত্তা কর্মীসহ চারজন পুড়ে যান।

স্বাস্থ্যসেবা

আটকে রাখা লাশ হস্তান্তর করেছে ইউনাইটেড

১৭ আগস্ট সন্ধ্যায় বিল না মেটানোয় আটকে রাখা রোগী ব্যবসায়ী মো. আসলামের লাশ পরিবারের কাছে হস্তান্তর করেছে ইউনাইটেড হাসপাতাল কর্তৃপক্ষ। ঢাকার মগবাজারের দিলু রোডের এই ব্যবসায়ী ফুসফুসের সমস্যা নিয়ে ৩ জুলাই ইউনাইটেডে ভর্তি হয়েছিলেন। লাইফ সাপোর্টে থাকা অবস্থায় ১৬ আগস্ট প্রথম প্রহরে তার মৃত্যু ঘটে। হাসপাতাল কর্তৃপক্ষের দাবি মতে, চিকিৎসা বাবদ বিল হয়েছে ৩১ লাখ টাকা। কিন্তু পরিবার বিলের ১২ লাখ টাকার মতো দিতে সক্ষম হয়। সমালোচনার মুখে বকেয়া টাকা জানুয়ারির মধ্যে শোধ করার শর্তে লাশ হস্তান্তর করা হয়।